



(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)

পল্লী ভবন (৭ম তলা)

৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।

www.iresppw-brdb.gov.bd/ Fax-8189029

স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৮৬৮.১৫- ২৭০১৬

তারিখঃ ২৭/৫/২০১৫ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ সমিতি/ইউনিয়ন পর্যায়ে ১৫ দিন ব্যাপি হস্তশিল্প (নঁকশি কাথা/পুঁতি সামগ্রী/পাটজাত সামগ্রী/বাশ, বেত ও হোগলা পাতার সামগ্রী/অন্যান্য হস্ত শিল্প) বিষয়ক প্রশিক্ষণ আয়োজন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিআরডিবি কর্তৃক বাস্তবায়নধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (সংশোধিত) প্রকল্পের সুফলভোগীদের জন্য সমিতি/উপজেলা পর্যায়ে ৩০ শে জুন/২০১৫ এর মধ্যে ০১ (এক) টি ব্যাচে ১৫ (পনের) দিন ব্যাপি প্রশিক্ষণ কোর্স নিম্নোক্ত নির্দেশাবলী প্রতিপালনপূর্বক আয়োজন করতে হবেঃ

- ১) প্রতি ব্যাচে সুফলভোগী প্রশিক্ষণার্থী হবে ৩০ (ত্রিশ) জন;
- ২) সুফলভোগী প্রশিক্ষণার্থীদের বয়স ১৮ হতে ৩৫ বছরের মধ্যে হতে হবে;
- ৩) অপেক্ষাকৃত নিকটবর্তী ন্যূনতম ৩-৪ টি সমিতি হতে সুফলভোগীদের চাহিদা ও উপযোগীতার ভিত্তিতে প্রশিক্ষণার্থী নির্বাচন করতে হবে;
- ৪) নিকটবর্তী ৩-৪ টি সমিতির মধ্যবর্তী কোন সুবিধাজনক স্থান বা ইউনিয়ন পরিষদ মিলনায়তন প্রশিক্ষণের ভেদে হিসেবে নির্বাচন করতে হবে;
- ৫) প্রতি ব্যাচের ৩০ (ত্রিশ) জন সুফলভোগীকে প্রশিক্ষণ প্রদানের নিমিত্তে প্রশিক্ষণ শুরুর পূর্বে প্রতি ব্যাচের জন্য বিভিন্ন সমিতি হতে ৪০ (চল্লিশ) জনের প্যানেল প্রস্তুত করতে হবে; প্রথম দিনে প্রশিক্ষণার্থী অনুপস্থিতির উপর ভিত্তি করে অতিরিক্ত ১০ (দশ) জন হতে প্রয়োজনীয় সংখ্যক প্রশিক্ষণার্থীকে অন্তর্ভুক্ত করতে হবে অর্থাৎ প্রতি ব্যাচে কোন অবস্থাতেই প্রশিক্ষণার্থীর সংখ্যা ৩০ (ত্রিশ) জনের কম হবে না;
- ৬) উপপরিচালক বিআরডিবি'র পরামর্শে উপজেলা পল্লী উন্নয়ন অফিসার জাতিগঠনমূলক বিভিন্ন সরকারী প্রতিষ্ঠানে বা বিভিন্ন উন্নয়ন সংস্থায় সংশ্লিষ্ট ট্রেডে প্রশিক্ষণ প্রদানে অভিজ্ঞতা সম্পন্ন/জাতীয় পর্যায়ে পুরস্কার-স্বীকৃতি প্রাপ্ত অভিজ্ঞ প্রশিক্ষক নির্বাচন পূর্বক প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- ৭) প্রশিক্ষণ কার্যক্রম শুরুর কমপক্ষে ০৩ (তিন) দিন পূর্বে সংশ্লিষ্ট জেলার উপপরিচালক ও প্রকল্প সদর দপ্তরকে প্রশিক্ষণ সূচী ই-মেইল (iresppwad@gmail.com) এর মাধ্যমে প্রেরণ নিশ্চিত করতে হবে;
- ৮) উপজেলা নির্বাহী অফিসার অথবা সংসদ সদস্য, জেলা প্রশাসক, উপপরিচালক বিআরডিবি, জেলা পর্যায়ের সংশ্লিষ্ট অফিসার, উপজেলা চেয়ারম্যানের মাধ্যমে প্রশিক্ষণ কোর্স উদ্বোধন এবং উপপরিচালক বিআরডিবি অথবা সংসদ সদস্য, জেলা প্রশাসক, জেলা পর্যায়ের সংশ্লিষ্ট অফিসার, উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে কোর্স সমাপনের বিষয় নিশ্চিত করতে হবে;
- ৯) সফলভাবে প্রশিক্ষণ সমাপনান্তে প্রশিক্ষণার্থীদের উপজেলা পল্লী উন্নয়ন অফিসার ও উপজেলা নির্বাহী অফিসারের যৌথ স্বাক্ষরিত সনদপত্র প্রদান করতে হবে;
- ১০) প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণ প্রতিবেদন (ইতিপূর্বে প্রেরিত ছকে) প্রশিক্ষণার্থী উপস্থিতি হাজিরা সীট ও মাস্টার রোলের ফটোকপি এবং প্রশিক্ষণ ক্লাসের স্থিরচিত্র (ব্যানারসহ) প্রকল্প সদর দপ্তরে প্রেরণ করতে হবে।

এমতাবস্থায়, সংযুক্ত বাজেট বিভাজন ও উপরোক্ত নির্দেশনা অনুসরণ পূর্বক প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো। প্রশিক্ষণ সংক্রান্ত বিষয়ে কোন অস্পষ্টতা বা কোন বিষয়ে জানতে অত্র দপ্তরের উপ-প্রকল্প পরিচালক (ফোন- ৮১৮০১৪৩) এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

  
প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আকম  
প্রকল্প পরিচালক (ইরেসপো)

বিআরডিবি, ঢাকা।

ফোন নং-০২-৮১৮০১৪৪

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার,

উপজেলাঃ মনপুরা/ কলাপাড়া/দশমিনা/দুমকি/বাবুগঞ্জ/কালিয়া/আগৈলঝাড়া/যশোর সদর/বিকরগাছা/  
বাঘারপাড়া/ বিনাইদহ সদর/মহেশপুর/হরিনাকুড়/কোট চাঁদপুর/ বটিয়াঘাটা/ভূমুরিয়া।

জেলাঃ ভোলা/বরিশাল/সাতক্ষীরা/পটুয়াখালী/বাগেরহাট/যশোর/বিনাইদহ/নড়াইল/খুলনা।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ-----।
২. উপজেলা চেয়ারম্যান, উপজেলাঃ-----, জেলাঃ-----।
৩. উপজেলা নির্বাহী অফিসার, উপজেলাঃ-----, জেলাঃ-----।
৪. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা(প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৫. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৬. সহকারী পল্লী উন্নয়ন অফিসার, ইরেসপো, উপজেলাঃ-----, জেলাঃ-----।
৭. অফিস কপি/সংশ্লিষ্ট নথি।